

📃 আল-কামার | Al-Qamar | ٱلْقَمَر

আয়াতঃ ৫৪:৫৩

💵 আরবি মূল আয়াত:

وَ كُلُّ صَغِيرٍ وَّ كَبِيرٍ مُستَطَرُ ﴿٥٣﴾

আর ছোট বড় সব কিছুই লিখিত আছে। — আল-বায়ান

ছোট আর বড় সবই আছে লিপিবদ্ধ। — তাইসিরুল

আছে ক্ষুদ্র ও বৃহৎ সব কিছুই লিপিবদ্ধ; — মুজিবুর রহমান

And every small and great [thing] is inscribed. — Sahih International

৫৩. আর ছোট বড় সব কিছুই লিখিত আছে।(১)

(১) হাদীসে এসেছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "হে আয়েশা! যে সমস্ত ছোটখাট গোনাহকে তুচ্ছ মনে কর তা থেকেও বেঁচে থাক, কেননা আল্লাহর পক্ষ থেকে এগুলোরও অম্বেষণকারী রয়েছে।" [ইবনে মাজাহঃ ৪২৪৩, মুসনাদে আহমাদ: ৫/৩৩১]

তাফসীরে জাকারিয়া

(৫৩) আছে ক্ষুদ্র ও বৃহৎ সবকিছুই লিপিবদ্ধ; [1]

[1] অর্থাৎ, সৃষ্টির সমস্ত আমল এবং কথা ও কাজ লিপিবদ্ধ আছে। তাতে তা ছোট হোক বা বড়, তুচ্ছ হোক অথবা সুউচ্চ। দুর্ভাগ্যজনদের আলোচনার পর এবারে সৌভাগ্যবানদের আলোচনা করা হচ্ছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4899

🙎 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন